বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

স্মারক নং-১৭.০০.০০০০.০৮৩.২৭.০১৮.২৫-১৭৫

তারিখঃ ২৬ আষাঢ় ১৪৩২ / ১০ জুলাই ২০২৫

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ সাঈফ আহমেদ নাসিম (১০৯২৩০৫২), সহকারী সচিব (সাময়িক বরাখাস্তকৃত), নির্বাচন কমিশন সচিবালয় (প্রাক্তন উপজেলা নির্বাচন কর্মকর্তা, মিরপুর, কুষ্টিয়া) এর বিরুদ্ধে কুষ্টিয়ার মিরপুর পৌরসভার সাবেক মেয়রকে ক্ষমতায় পুনর্বহালের প্রচেষ্টার ফোনালাপ ২১.০৫.২০২৫ তারিখে "বৈশাখী নিউজ" এর ফেইজবুক পেইজে (লিংক https://www.facebook.com/share/v/1BWoiSjjCh/) প্রচারিত হয়; তার অফিসিয়াল দায়িত্ব বহির্ভূত, অপ্রয়োজনীয় ও কান্ডজ্ঞানহীন ফোনালাপে সরকারি কর্মকর্তা হিসেবে তার নিজের ও মাননীয় নির্বাচন কমিশনের ভাবমূর্তি ক্ষুন্ন হওয়ায় জনস্বার্থে তাকে সাময়িক বরখাস্ত করা হয়; কর্মস্থল হতে তাৎক্ষণিক বদলি করা হয় এবং তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুর সিদ্ধান্ত হয়;

যেহেতু, তার উক্তরূপ শৃঙ্খলা পরিপন্থি কার্যের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা নং-০৭/২০২৫ রুজু করে অভিযোগনামায় তাকে কারণ দর্শানো হয়;

যেহেতু, তিনি অভিযোগনামার জবাব দাখিল পূর্বক ব্যক্তিগত শুনানির অভিপ্রায় ব্যক্ত করেন এবং ০৩.০৭.২০২৫ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, অভিযোগনামার জবাব ও ব্যক্তিগত শুনানিতে তিনি দায়িত্বশীল পদে থেকে অপ্রয়োজনীয় ফোনালাপ করার ভুল স্বীকার করতঃ ক্ষমা প্রার্থনা করেন এবং তিনি নিজেকে একজন নবীন কর্মকর্তা উল্লেখ পূর্বক ভবিষ্যতে এই ধরণের ভুলের পুনরাবৃত্তি হবেনা মর্মে অঙ্গীকার করেন;

যেহেতু, শুনানি অন্তে প্রতীয়মান হয় যে, অভিজ্ঞতার অভাবে তিনি অপ্রয়োজনীয় ফোনালাপে জড়িয়ে পড়েন; সঠিক পরামর্শের জন্য তাকে তার উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে কথা বলা উচিৎ ছিল; সার্বিক বিবেচনাক্রমে তাকে 'তিরস্কার' দন্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ক) মোতাবেক অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ সাঈফ আহমেদ নাসিম, সহকারী সচিব (সাময়িক বরাখাস্তকৃত), নির্বাচন কমিশন সচিবালয় (প্রাক্তন উপজেলা নির্বাচন কর্মকর্তা, মিরপুর, কুষ্টিয়া)-কে 'তিরস্কার' দন্ড প্রদান করে বিভাগীয় মামলা নং-০৭/২০২৫ নিষ্পত্তি করা হলো। একই সাথে তার সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হলো। তার সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসাবে গণ্য হবে। তিনি বিধি মোতাবেক বকেয়াসহ বেতন-ভাতাদি প্রাপ্য হবেন।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

আখতার আহমেদ
সিনিয়র সচিব

স্মারক নং-১৭.০০.০০০০.০৮৩.২৭.০১৮.২৫-১৭৫

তারিখঃ ২৬ আষাঢ় ১৪৩২ / ১০ জুলাই ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০৩। যুগ্মসচিব..........(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০৪। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা
০৫। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ..............................(সংশ্লিষ্ট)
০৭। উপসচিব ................(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০৮। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা [বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ]



অফিসের ঠিকানা ঃ
নির্বাচন ভবন, প্লট নং ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগ ঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

০৯। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সি এন্ড এজি, পিএসসি ও নির্বাচন কমিশন সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা
১০। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, খুলনা
১১। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
(মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
১২-১৫। মাননীয় নির্বাচন কমিশনারগণের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
(মাননীয় নির্বাচন কমিশনারগণের সদয় অবগতির জন্য)
১৬। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৭। উর্দ্ধতন হিসাররক্ষণ কর্মকর্তা (হিসাব), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৮। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, কুষ্টিয়া
১৯। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কুষ্টিয়া
২০। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, মিরপুর, কুষ্টিয়া
২১। সহকারী সচিব (জনবল ব্যবস্থাপনা-১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথিতে রেকর্ড সংরক্ষণের অনুরোধসহ)
২২। জনাব মোঃ সাঈফ আহমেদ নাসিম, সহকারী সচিব (সাময়িক বরাখাস্তকৃত), নির্বাচন কমিশন সচিবালয় (প্রাক্তন উপজেলা নির্বাচন কর্মকর্তা, মিরপুর, কুষ্টিয়া)

১৮.০২.২৫

মোহাম্মদ আল-মামুন
সিনিয়র সহকারী সচিব সি.সি (শৃঙ্খলা)
ফোনঃ ০২-৫৫০০৭৪৫৮
ইমেইল: sas_dis@ecs.gov.bd



অফিসের ঠিকানা ঃ
নির্বাচন ভবন, প্লট নং ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭
যোগাযোগ ঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫